Lens Asia

৭ সেপ্টেম্বর, ২০২৬

# শিক্ষকদের মর্যাদা ও অধিকার নিশ্চিতে কাজ করছে সরকার: শিক্ষামন্ত্রীক



শিক্ষামন্ত্রী আহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

দেশের শিক্ষকদের যথাযথ মর্যাদা ও অধিকার নিশ্চিত করতে বর্তমান সরকার নতুন উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তাঁর দাবি, বিগত সরকারের সময়ে শিক্ষকরা নানা ধরনের অবহেলা ও বঞ্চনার মধ্যে ছিলেন এবং তাদের মূল্যায়নের ক্ষেত্রেও বৈষম্য ছিল।

রোববার (৬ সেপ্টেম্বর) দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

তিনি জানান, অতীতে জাতীয় পর্যায়ে মাত্র ১২ জন শিক্ষককে সম্মাননা দেওয়া হতো। বর্তমান সরকার সেই ব্যবস্থায় পরিবর্তন এনে স্বচ্ছ ও নির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে প্রকৃত যোগ্যদের মূল্যায়নের সিদ্ধান্ত নিয়েছে। এর অংশ হিসেবে আগামী ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসে দেশের ১০০ জন কৃতী শিক্ষককে রাষ্ট্রীয় সম্মাননা ও পুরস্কার দেওয়া হবে।

শিক্ষকদের পেশাগত পরিবেশ ও মর্যাদা রক্ষার বিষয়েও সরকার কাজ করছে বলে জানান মন্ত্রী। সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে অনিয়ম ও অপব্যবহার ঠেকাতে শিক্ষকদের জন্য যুগোপযোগী আচরণবিধি কিংবা পৃথক নীতিমালা তৈরির কার্যক্রম চলছে।

LENS ASIA

অবসরে যাওয়ার পর শিক্ষকদের ভোগান্তির বিষয়টিও গুরুত্বের সঙ্গে দেখছে শিক্ষা মন্ত্রণালয়। বিশেষ করে অবসর ভাতার অর্থ পেতে দীর্ঘসূত্রতা ও বিভিন্ন জটিলতার কারণে যে সমস্যার মুখোমুখি হতে হয়, তা স্থায়ীভাবে দূর করতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ চলছে বলে জানান শিক্ষামন্ত্রী।

সংবাদ সম্মেলনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক বলেন, সরকারি চাকরিজীবীদের মতো এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরাও পে-স্কেলের সার্বিক সুবিধা পাবেন।

তিনি জানান, এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করা হচ্ছে। আনুষ্ঠানিক প্রজ্ঞাপন প্রকাশের পর সরকারের এই নীতিগত সিদ্ধান্ত বাস্তবায়নের বিস্তারিত বিষয়গুলো পরিষ্কার হবে।